

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২০.০৮৩.২৩ নথির বিষয়: Replacement and repairing of sanitary & Electrical Fixtures at SWTP Circle Staff Quarter, Phase-1.

নোট: ১ নোটের বিষয়: Replacement and repairing of sanitary & Electrical Fixtures at SWTP Circle Staff Quarter, Phase-1.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২১/৬/২৩ ৬:৪৯ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং ০১ থেকে ০৫ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার সায়োদাবাদ পানি শোধনাগার একটি দ্বিতীয় শ্রেনীর কে পি আই। সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়োদাবাদ পানি শোধনাগারের অভ্যন্তরে ৬ তলা বিশিষ্ট ১টি স্টাফ কোয়ার্টার রয়েছে। কোয়ার্টারটি সায়োদাবাদ পানি শোধনাগারের পূর্বপাশে অবস্থিত। এই ৬ তলা বিশিষ্ট স্টাফ কোয়ার্টারটিতে ২৪ জন স্টাফ তাদের ফ্যামেলি নিয়ে বসবাস করে। তারা গত ০৪/০৬/২০২৩ ইং তারিখে সাঃপাঃশোঃ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর অনুকূলে কোয়ার্টারটিতে কিছু স্যানিটারি ও ইলেকট্রিক্যাল ফিটিংস এর পরিবর্তন করার জন্য আবেদন করেন। তাদের আবেদনের প্রেক্ষিতে গত ০৮/০৬/২০২৩ ইং তারিখে কোয়ার্টারটি পরিদর্শন করা হয়। পরিদর্শনে দেখা যায় যে, কোয়ার্টারের কয়েকটি ফ্ল্যাটের পানি সরবরাহ লাইনের সমস্যা আছে যাহা মেরামত করা সহ কিছু স্যানিটারি ফিটিংস যেমন: বিব কর্ক, পিলার কর্ক, স্টাপ কর্ক, শাওয়ার ও ম্যাজিক পাইপ পরিবর্তন করা প্রয়োজন। দরজার লক নষ্ট হয়ে যাওয়ায় তাহা পরিবর্তন করা প্রয়োজন। এছাড়াও উক্ত কোয়ার্টারের কিছু ইলেকট্রিক্যাল ফিটিংস যেমন: সার্কিট বেকার, সুইচ, হোল্ডার ও এগজস্ট ফ্যান এর পরিবর্তন করা প্রয়োজন। আলোচ্য কাজগুলি করার উদ্দেশ্যে পি. ডব্লিউ. ডি. রেন্ট সিডিউল ২০১৮-এর দর অনুযায়ী কাজ সম্পাদনের জন্য (ক্রমিক নং-০৫) এ একটি প্রাক্কলন উপস্থাপন করা হল। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাড়িয়েছে সর্বমোট টাঃ ৪৯,৫০৭.০০ (উনপঞ্চাশ হাজার পাঁচশত সাত টাকা মাত্র) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয় ভার সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগের ২০২২-২৩ ইং অর্থ বছরের Residential Building Maintenance (কোড ০১-০৪-০০৬) খাতের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-২০২ এবং প্যাকেজ নং- UUWG হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২১/৬/২৩ ৬:৫০ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রোকিউরমেন্ট আইন ২০০৬ ও বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) অনুসারে ঢাকা ওয়াসার তালিকাভুক্ত ও পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স শাহিন ট্রেড ইন্টারন্যাশনাল এর মাধ্যমে জরুরী ভিত্তিতে সরাসরি কার্য ক্রয় (DPM) পদ্ধতিতে করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২১/৬/২৩ ৬:৫৫ অপরাহ্ন

এমতাবস্থায়, Replacement and repairing of sanitary & Electrical Fixtures at SWTP Circle Staff Quarter, Phase-1 কাজের উপস্থাপিত সর্বমোট টাঃ ৪৯,৫০৭.০০ (উনপঞ্চাশ হাজার পাঁচশত সাত টাকা মাত্র) মাত্রের প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর-২০০৮ এর বিধি ৭৬ (১) এর (ট) অনুসারে সরাসরি কার্য ক্রয় (DPM) পদ্ধতিতে মেসার্স শাহিন ট্রেড ইন্টারন্যাশনাল এর মাধ্যমে সম্পন্ন করার অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলীর মহোদয়ের আওতাধীন।

			
২১/৬/২৩ ৬:৫৭ অপরাহ্ন মোঃ ইকবাল হোসেন উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৪/৬/২৩ ৯:৪২ পূর্বাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৪/৬/২৩ ১২:৪০ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৪/৬/২৩ ৬:৩৩ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

২৪/৬/২৩ ৬:৩৩ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৪/৬/২৩ ৭:৩৬ অপরাহ্ন
অনুমোদিত


২৪/৬/২৩ ৭:৩৬ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)


২৪/৬/২৩ ৮:১০ অপরাহ্ন
সৈয়দ মোস্তাকিম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সায়োদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)


২৪/৬/২৩ ১০:৩৩ অপরাহ্ন
মোহাম্মদ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সায়োদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)


২৬/৬/২৩ ৪:৩৭ অপরাহ্ন
মোঃ ইকবাল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
সায়োদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)